দৈনিক ইত্তেফাক 10

তারিখ ... 01 DEC 1998 ...
পৃষ্ঠা ঃ ৪ কলাম ৩

## শিক্ষা প্রশাসনের যথেচ্ছাচার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে বছরের পর বছর ধরিয়া শিক্ষা প্রশাসনের নামে চলিতেছে যথেচ্ছাচার। নীচে কতিপয় উদাহরণ দেওয়া হইলঃ-

১. যে সমস্ত শিক্ষক প্রধান শিক্ষকের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদ করেন তাহাদেরকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়াই 'প্রশাসনিক কারণ' নামক একটি বায়বীয় কারণ দেখাইয়া অন্যত্র বদলি করিয়া দেওয়া হয় এবং তাহাদেরকে ভ্রমণ ভাতা হইতে বঞ্চিত করা হয়।

২. শ্রান্তি বিনোদন ভাতার বাজেট বরাদ্দের জন্য মোট বরাদ্দের অন্তত ১০% ঘুষ না দিলে যথাযথ বরাদ্দ দেওয়া হয় না। ফলে সরকারী মাধ্যমিক স্কুলের বহু শিক্ষক ১৫/২০ বছর চাকুরী করিয়া কোন শ্রান্তি বিনোদন ভাতা পাইতেছেন না।

৩. শিক্ষা অধিদপ্তর ও পরিদপ্তরে ঘুষ না দিলে কোন কাজই হয় না।

এইসব অনিয়মের প্রতিকারে মাননীয় শিক্ষামন্ত্রী ও শিক্ষামন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**শিশু গোপাল মজুমদার,**
ডাকঘর ঃ চৌরঙ্গী বাজার,
হাতিয়া, নোয়াখালী